

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা  
আইন ও বিচার বিভাগ  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।  
ওয়েবসাইট: [www.nlaso.gov.bd](http://www.nlaso.gov.bd)

নং- ১০.০৭.০০০০.০০২.০৫.০১.২০১৭-১৩১

তারিখঃ

৬ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ

২০ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সংস্থার নৈতিকতা কমিটি গঠন প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে আইন ও বিচার বিভাগ হতে স্মারক নং ১০.০০.০০০০.১৩২.০৬.০০৬.১৩.৩৭৩ নং, তারিখ ১৯/০৬/২০১৮ পত্রমূলে প্রাপ্ত নির্দেশনার ভিত্তিতে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা নিম্নোক্ত নৈতিকতা কমিটি গঠন করলো:

**নৈতিকতা কমিটি**


ক্র. নং	পদবী	কমিটিতে অবস্থান
১	পরিচালক (সংস্থার প্রধান)	আহবায়ক
২	উপ-পরিচালক (প্রশাসন)	সদস্য
৩	উপ-পরিচালক (অর্থ ও হিসাব)	সদস্য
৪	সহকারী পরিচালক (প্রশাসন)	সদস্য
৫	সহকারী পরিচালক (মনিটরিং)	ফোকাল পার্সন
৬	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)	সদস্য
৭	কোর্ট অফিসার	সদস্য
৮	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (উপ-পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর)	সদস্য

২। নৈতিকতা কমিটির কার্যপরিধি:

- সংস্থা ও এর অধীনস্থ কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ;
- পরিচালিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
- কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে তা নির্ধারণ এবং
- উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

৩। কমিটির ফোকাল পার্সন সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করবেন। ০৭ ও ০৮ নং সদস্য কমিটিকে সারাদেশের কার্যক্রম সম্পর্কে তথ্য প্রদান করবে ও সাচিবিক সহায়তা করবে।

৪। নির্দেশক্রমে এ কমিটি গঠন করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

  
20/06/2018

(মাসুদা ইয়াসমিন)

সহকারী পরিচালক (মনিটরিং)

জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা

ফোন নং: ০২-৪৯৩৪৯৮০২

ই-মেইল: [admonitoring@nlaso.gov.bd](mailto:admonitoring@nlaso.gov.bd)

সদয় অবগতির জন্য বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্ম সচিব (প্রশাসন-১) এবং ফোকাল পার্সন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও সমন্বয় কমিটি, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৩। সহকারী পরিচালক (প্রশাসন/মনিটরিং/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৪। পিএটু পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৫। কোর্ট অফিসার, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৬। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (উপ-পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৭। অফিস কপি/গার্ড ফাইল।